দৈনিক ইত্তেফাক

তারিখ ... 0.1.JUL. 1991...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

## যশোর ও কুমিল্লা বোর্ড

# এসএসসি পরীক্ষার প্রথম দিনে ১১ শত বহিষ্কৃত

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (রবিবার) যশোর ও কুমিল্লা শিক্ষা বোর্ডের ১৯৯১ সালের এস,এস,সি পরীক্ষার প্রথম দিনে বাংলা বিষয়ের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে প্রায় ১১ শত পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। উভয় বোর্ড সূত্রে জানা যায়, সর্বত্র পরীক্ষা মোটামুটি শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। কোথাও কোন প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটে নাই। তবে মীর্জাগঞ্জ সুবিদখালী কেন্দ্রে কর্তব্যে অবহেলার দরুন একজন এবং ভাণ্ডারিয়ার ৫ জন পরিদর্শক বহিষ্কৃত হন। ঝিনাইদহ কেন্দ্রে একজন প্রাইভেট পরীক্ষার্থীর পরিবর্তে (রোল ২০২৯) একজন তরুণ পরীক্ষা দিতে বসিয়া ধরা পড়ে। তাহাকে পুলিশের হাতে সোপর্দ করা হয়।

কুমিল্লা বোর্ডে বহিষ্কারের (শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

17

### এসএসসি পরীক্ষা

( ১ম পৃঃ পর )

সংখ্যা সবচাইতে বেশী। এই বোর্ডের ৭টি জেলা হইতে মোট ৭ শত ১৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। অপরদিকে যশোর বোর্ডের ৪টি জেলা হইতে মোট ২৬৭ জন পরীক্ষার্থী বহিষ্কার করা হয়। কুমিল্লা বোর্ডের লক্ষ্মীপুরের ৪টি কেন্দ্রে ৫২ জন, চৌমুহনীতে ১টি কেন্দ্রে ৪০ জন, চাঁদপুরে ৭টি কেন্দ্রে ৬৭ জন, কুমিল্লা জেলার ১২টি কেন্দ্রে ২৯৫ জন, ব্রাহ্মণবাড়িয়ায় ৫টি কেন্দ্রে ১৮ জন, ফেনীর ৬টি কেন্দ্রে ৯৬ জন, কক্সবাজারের ৪টি কেন্দ্রে ১৪৭ জন, যশোর বোর্ডের কুষ্টিয়ায় ৮টি কেন্দ্রে ১১২ জন, বরগুনার ৫টি কেন্দ্রে ২৪ জন, ভাণ্ডারিয়ার ১টি কেন্দ্রে ৭১ জন, যশোর জেলার ১৩টি কেন্দ্রে ৬০ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। আমাদের যশোর অফিস জানায়, যশোর বোর্ড কর্তৃপক্ষ মাত্র ১৩টি কেন্দ্রের খবর জানাইয়াছে। রাত ১০টার পর বোর্ডের অফিসে কাহাকেও পাওয়া যায় নাই।

কুমিল্লা সংবাদদাতা জানান, ১২টি কেন্দ্র হইতে ২৯৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। অসদাচরণের জন্য হোমনা কেন্দ্র হইতে একজন পরীক্ষার্থিনীকে গ্রেফতার করা হয়। কুমিল্লা কেন্দ্র হইতে ৫ জন ব্রাহ্মণপাড়া কেন্দ্র হইতে ১৪ জন, চৌদ্দগ্রাম কেন্দ্র হইতে ৩৩ জন, বরুড়া কেন্দ্র হইতে ১৫ জন, চান্দিনা কেন্দ্র হইতে ৪৬ জন, হোমনা কেন্দ্র হইতে ৪ জন, দাউদকান্দি কেন্দ্র হইতে ৫০ জন, দেবীদ্বার কেন্দ্র হইতে ৫১ জন, বুড়িচং কেন্দ্র হইতে ২৬ জন, নাঙ্গলকোট কেন্দ্র হইতে ২৭ জন, লাকসাম কেন্দ্র হইতে ১৪ জন এবং মুরাদনগর কেন্দ্র হইতে ৬ জনকে বহিষ্কার করা হয়।

কুষ্টিয়া সংবাদদাতা : কুষ্টিয়া সদর উপজেলার ৫টি কেন্দ্র হইতে ৪৪ জন, ভেড়ামারার ৩টি কেন্দ্র হইতে ২৬ জন, মিরপুরের ৩টি কেন্দ্র হইতে ৪১ জন এবং কুমারখালীর ১টি কেন্দ্র হইতে ১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

লক্ষ্মীপুর সংবাদদাতা : লক্ষ্মীপুর সদর কেন্দ্র হইতে ৩৯ জন, রামগতি কেন্দ্র হইতে ৪ জন, রামগঞ্জ কেন্দ্র হইতে ৮ জন এবং রায়পুর কেন্দ্র হইতে ১ জনকে বহিষ্কার করা হয়।

রামগঞ্জ কেন্দ্রে নকল সরবরাহের দায়ে একজন বহিরাগতকে গ্রেফতার করা হয়। পরে এক হাজার টাকা জরিমানা করিয়া তাহাকে ছাড়িয়া দেওয়া হয়।

বরগুনা সংবাদদাতা : বরগুনা ৫টি কেন্দ্র হইতে মোট ২৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

চাঁদপুর সংবাদদাতা : চাঁদপুর সদর কেন্দ্র হইতে ২ জন, মতলব কেন্দ্র হইতে ১০ জন, কচুয়া কেন্দ্র হইতে ৪২ জন, হাজীগঞ্জ কেন্দ্র হইতে ৫ জন, ফরিদগঞ্জ কেন্দ্র হইতে ১ জন, হাইমচর কেন্দ্র হইতে ১ জন এবং শাহরাস্তি কেন্দ্র হইতে ৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

চৌমহনী সংবাদদাতা : বেগমগঞ্জ ১ নং কেন্দ্র হইতে ৪০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। সকালে আধা ঘন্টা এবং বিকালে ১০ মিনিট বিলম্বে পরীক্ষা শুরু হয়।

ব্রাহ্মণবাড়িয়া সংবাদদাতা : ব্রাহ্মণবাড়িয়া সদর কেন্দ্র হইতে ৫ জন, নবীনগর হইতে ১ জন, কসবা হইতে ৭ জন, আখাউড়া হইতে ৪ জন এবং বাঞ্ছারামপুর কেন্দ্র হইতে ১ জনকে বহিষ্কার করা হইয়াছে।

ভাণ্ডারিয়া সংবাদদাতা : এই কেন্দ্র হইতে ৭১ জন পরীক্ষার্থীকে এবং কর্তব্যে অবহেলার দরুন ৫ জন পরিদর্শককে বহিষ্কার করা হয়।

ফেনী সংবাদদাতা : ফেনী সদর কেন্দ্র হইতে ৩৩ জন সোনাগাজী কেন্দ্র হইতে ১৮ জন, দাগনভূঞা কেন্দ্র হইতে ৫ জন, ছাগলনাইয়া কেন্দ্র হইতে ৬ জন, পরশুরাম (১) কেন্দ্র হইতে ১১ জন, এবং পরশুরাম (২) কেন্দ্র হইতে ২৩ জনকে বহিষ্কার করা হয়।

কক্সবাজার সংবাদদাতা : কক্সবাজার সদর কেন্দ্র হইতে ৯২ জন, মহেষখালী হইতে ২৪ জন, রামু হইতে ৭ জন ও চকোরিয়া কেন্দ্র হইতে ১৪ জনকে বহিষ্কার করা হয়।

যশোর প্রতিনিধি : গতকাল শান্তিপূর্ণভাবে যশোর শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার প্রথম দিনে অসদুপায় অবলম্বনের দায়ে ১৩টি কেন্দ্র হইতে ৬০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। ঝিনাইদহ কেন্দ্রে একজন প্রাইভেট পরীক্ষার্থীর (রোল ২০২৯) পরিবর্তে অপর একজন পরীক্ষা দিতে গিয়া ধরা পড়ে। পরে তাহাকে পুলিশের হাতে সোপর্দ করা হয়।

দাউদান্দি সংবাদদাতা : দাউদকান্দি কেন্দ্রে ৪ জন এবং গৌরিপুর কেন্দ্রে ৪৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

বরিশাল অফিস : যশোর বোর্ডের অধীন এসএসসি পরীক্ষায় গতকাল (রবিবার) বরিশাল জেলার ৯টি কেন্দ্র হইতে ৮৪ জন পরীক্ষার্থী বহিষ্কার হইয়াছে। উজিরপুরে ৩৯, বাবুগঞ্জে ১৯, বাবুগঞ্জ ১১ আগৈলঝাড়ায় ৫, মেহেন্দিগঞ্জ ও গৌরনদী প্রত্যেকটিতে ৩, বরিশাল শহর ও মুলাদী প্রত্যেকটিতে ১, বানরিপাড়ায় ২। বরিশাল শহরে কড়া ব্যবস্থায় পরীক্ষা নেওয়া হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শোয়েবুর রহমান শহরের কেন্দ্রগুলি পরিদর্শন করেন। ঝালকাঠির নলছিটিতে ৫ জন বহিষ্কৃত হয়।

সিলেট অফিস : সিলেট সদরে ৪, গোয়াই ঘাটে ৯, বিয়ানী বাজারে ২, জৈন্তাপুরে ২, ছাতকগঞ্জে ৫, গোলাপগঞ্জে ১, কানাইঘাটে ...